৫২

দৈনিক বাংলা

তারিখ ... 06 JAN 1997
পৃষ্ঠা ৫ কলাম ৭

# পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব

পরীক্ষার ফল প্রকাশের সংকট চলছে দীর্ঘদিন ধরে। এ সংকটের অপর নাম সেশনজট। এবং সেশনজটের কারণ ছিল দেশের রাজনৈতিক পরিস্থিতি। মোটামুটিভাবে এ ধরনের একটি কারণের কথা বরাবর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলে এসেছেন পরীক্ষার ফল প্রকাশে বিলম্বকে যৌক্তিক করতে।

তবে সেশনজটই যে পরীক্ষার ফল প্রকাশে বিলম্বের একমাত্র কারণ নয়, এটা বলার অপেক্ষা রাখে না। দেখা গেছে, একই সময় পরীক্ষা নেয়া হলেও কোন বিভাগ পরীক্ষার ফল সময়মত প্রকাশ করছে অনেক বিভাগে পরীক্ষার ফল প্রকাশ করতে বছর ঘুরে গেছে। এ ক্ষেত্রে সেশনজটই পরীক্ষার ফল প্রকাশে বিলম্বের একমাত্র কারণ সে যুক্তি নিশ্চয়ই গ্রহণযোগ্য হবে না। অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশে বিলম্বের অন্য কারণও আছে।

ফল প্রকাশে তেমনি ঘটনা ঘটেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক শ্রেণীর ছাত্রদের পরীক্ষা নিয়ে। এদের পরীক্ষা দেবার কথা ছিল ১৯৯২ সালে। সেশনজটের জন্য পরীক্ষা হল ১৯৯৫ সালে। ফল প্রকাশিত হল ১৯৯৬ সালের অক্টোবরে। তাও পুরো ফল নয়। বাকী থাকল ৪৫ জনের পরীক্ষার ফল প্রকাশ। অনেক দেন দরবারের পর এদের পরীক্ষার ফল প্রকাশিত হল ৭ ডিসেম্বর। বাকী পরীক্ষার্থীদের মধ্যে কেউ ফেল করল। এরা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করে জানতে চেয়েছে, আমরা এখন দাঁড়াব কোথায়?

এ সমস্যাটি দীর্ঘদিনের। বার বার এ নিয়ে লেখালেখি হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছেন, এ জন্য বিশ্ববিদ্যালয়ের এক শ্রেণীর শিক্ষক দায়ী। এ কথা বর্তমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি তাঁর সাক্ষাৎকারেও বলেছেন। এ ছাড়া এ মুহূর্তে শিক্ষাঙ্গনে তেমন অস্থিরতা নেই। জাতীয় বিশ্ববিদ্যালয় স্থাপনে পর অন্যান্য বিশ্ববিদ্যালয় পরীক্ষা নেবার দায়মুক্ত হয়েছেন। তাই আশা করব পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব যেন কারো জীবনে বিপত্তি না ঘটায়।